# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড

**ফেনী শাখা, ফেনী।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, (১) মেসার্স অগ্রণী অটো ব্রিক্স, স্বত্ত্বাধিকারী-জনাব এনামুল হক চৌধুরী, পিতা-ওবায়দুল হক চৌধুরী, ব্যবসায়িক ও বর্তমান ঠিকানা-৪২৭/১, শহীদ সেলিনা পারভিন সড়ক, পোঃ ফেনী, থানা-ফেনী সদর, জেলা-ফেনী, স্থায়ী ঠিকানা-চৌধুরী বাড়ি, বন্ধুয়া দৌলতপুর, পোঃ আনন্দপুর, থানা-ফুলগাজী, জেলা-ফেনী, (২) মেসার্স নবারুন বিল্ডার্স, স্বত্ত্বাধিকারী-জনাব ফজলুল হক চৌধুরী, পিতা-ওবায়দুল হক চৌধুরী, ব্যবসায়িক ও বর্তমান ঠিকানা-৪২৭/১, শহীদ সেলিনা পারভিন সড়ক, পোঃ ফেনী, থানা-ফেনী সদর, জেলা-ফেনী, স্থায়ী ঠিকানা-চৌধুরী বাড়ি, বন্ধুয়া দৌলতপুর, পোঃ আনন্দপুর, থানা-ফুলগাজী, জেলা-ফেনী এবং (৩) মেসার্স এম.এম. ট্রেডার্স, স্বত্ত্বাধিকারী-জনাব গোলাম মহিউদ্দিন মজুমদার, পিতা-মৃত মোখলেছুর রহমান মজুমদার, ব্যবসায়িক ও বর্তমান ঠিকানা-৪২৭/১, শহীদ সেলিনা পারভিন সড়ক, পোঃ ফেনী, থানা-ফেনী সদর, জেলা-ফেনী, স্থায়ী ঠিকানা-মজুমদার বাড়ি, বন্ধুয়া দৌলতপুর, পোঃ আনন্দপুর, থানা-ফুলগাজী, জেলা-ফেনী কর্তৃক ইউসিবি, ফেনী শাখা, ফেনী হইতে গৃহীত ঋণসমূহের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিষ্ট্রিকৃত বন্ধকী দলিলমুলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিষ্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতাগণ মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০১/০৮/২০১৭ইং তারিখ পর্যন্ত মেসার্স অগ্রণী অটো ব্রিক্স এর টার্ম লোন ও সিসি (হাইপো) ঋণ বাবদ ব্যাংকের পাওনা ২০,০৭,৪৩,৯২৯.৮০ (বিশ কোটি সাত লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত উনত্রিশ এবং আশি পয়সা) টাকা, মেসার্স নবারুন বিল্ডার্স এর সিসি (হাইপো) ঋণ বাবদ ব্যাংকের পাওনা ১,৩০,১৪,০৫২.৯৬ (এক কোটি ত্রিশ লক্ষ চৌদ্দ হাজার বায়ান্ন এবং ছিয়ানব্বই পয়সা) টাকা এবং মেসার্স এম.এম. ট্রেডার্স এর ওডি (ই.এম) ঋণ বাবদ ব্যাংকের পাওনা ৮৮,৫৯,২৬১.৭৯ ( আটাশি লক্ষ উনষাট হাজার দুইশত একষট্টি এবং উনাশি পয়সা) টাকা, সর্বমোট ২২,২৬,১৭,২৪৪.৫৫ (বাইশ কোটি ছাব্বিশ লক্ষ সতের হাজার দুইশত চুয়াল্লিশ এবং পঞ্চান্ন পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**<u>বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল</u>**

১। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-বারহিপুর, জে.এল. নং-৯২, খতিয়ান নং-ডি.এস.-৪৭৮, এম.আর.ও.আর.-৮৬৪, খারিজি-২৫৬৩, দাগ নং-২৭৫৪, জমির পরিমাণ-৩.৫০ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-কবরস্থান, দক্ষিণে-জনাব এনামুল হক চৌধুরী ও অন্যান্য, পূর্বে-জনাব একেএম আহছান এবং পশ্চিমে-তাজুল ইসলাম।

২। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-বারহিপুর, জে.এল. নং-৯২, খতিয়ান নং-ডি.এস.-৪৭৮, এম.আর.ও.আর.-৮৬৪, মিউটেশন-২২৯০/১৯০৭, দাগ নং-২৭৫৪, জমির পরিমাণ-১৫.৫০ শতাংশ।

৩। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-বারহিপুর, জে.এল. নং-৯২ (পুরাতন), ৪৩ (নতুন), খতিয়ান নং-এম.আর.ও.আর.-৮৬৪, বি.এস.-১২১৯৫, ডি.পি.-১১০৪, খারিজা-৩০৭১, দাগ নং-২৭৫৪ (পুরাতন), ১২৩০১ (নতুন), জমির পরিমাণ-৪ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-একেএম আহছান, দক্ষিণে-একেএম আহছান, পূর্বে-একেএম আহছান এবং পশ্চিমে-ফজলুল হক চৌধুরী ও এনামুল হক চৌধুরী।

৪। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-বারহিপুর, জে.এল. নং-৯২, খতিয়ান নং-ডি.এস.-৪৭৮, এম.আর.ও.আর.-৮৬৪, খারিজি-২০২৫, দাগ নং-২৭৫৪, জমির পরিমাণ-০৬ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-কবরস্থান, দক্ষিণে ও পূর্বে-বন্ধকদাতাগণ এবং পশ্চিমে-তাজুল ইসলাম।

৫। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-বারহিপুর, জে.এল. নং-৯২ (পুরাতন), ৪৩ (নতুন), খতিয়ান নং-ডি.এস.-৫৭৫, এম.আর.ও.আর.-৩০৬, খারিজি-১৪৪২, নামজারি-২৫৩৩, বি.এস.-১৫৮৪, দাগ নং-২৭৬৬, ২৭৬৮ (পুরাতন), ১২৩০৩ (নতুন), জমির পরিমাণ-৫.৭৫ শতাংশ জমিসহ চারতলা বিশিষ্ট দালান যাহার চৌহদ্দীঃ উত্তরে-জনাবা জেবুন্নেছা, দক্ষিণে-জনাবা জেবুন্নেছা, পূর্বে-দেলু মিয়া এবং পশ্চিমে-তোফায়েল মিয়া।

৬। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-সুন্দরপুর, জে.এল. নং-৫৮ (পুরাতন), ১২ (বি.এস.), খতিয়ান নং-সি.এস.-৮৭, এম.আর.ও.আর.-৬৪, বি.এস.-১২৪ (ডি.পি.), খারিজি-৩৫৮ (পুরাতন), ৩৬০ (নতুন), দাগ নং-সি.এস. এবং এস.এ.-২২৮/২২৯, বি.এস.-৪৫২, জমির পরিমাণ-২৪.০০ শতাংশ।

৭। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-রামপুর, জে.এল. নং-৯৩ (পুরাতন), ৪২ (নতুন), খতিয়ান নং-সি.এস.-৩৩, এম.আর.ও.আর.-৯১৭, খারিজি-৩৫৬০, বি.এস.-২৬১৬ (ডি.পি.), দাগ নং-সি.এস.-১৫৫, এম.আর.ও.আর.-১৩০/১৩১, বি.এস.-৭৫১৭, জমির পরিমাণ-৩.৭৫ শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-স্টারলাইন বাস কাউন্টার, দক্ষিণে-সালাম ভুঁঞা, পূর্বে-আবদুল কাদের ভুঁঞা এবং পশ্চিমে-সালাম ভুঁঞা।

৮। জেলা-ফেনী, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস-ফেনী, মৌজা-বিরিঞ্চি, জে.এল. নং-৯১, খতিয়ান নং-ডি.এস.-৩৮৮, এম.আর.ও.আর.-৪০০, মিউটেশান-১৫৮১, দাগ নং-১৪৮৯, জমির পরিমাণ-৮.৭৫ শতাংশ।

## নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ০৫/১২/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফেনী শাখা, ফেনী এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা

অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফেনী শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমদ্বয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রিশন ফ্রি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

**শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ফেনী শাখা, ফেনী।**